দৈনিক ইনকিলাব

MAY 21 2002

১৮ ৪



*চুয়াডাঙ্গা ঃ চুয়াডাঙ্গাতে অনার্স ও মাস্টার্স কোর্স চালুর দাবীতে বিক্ষোভ মিছিলের আয়োজন করা হয়*

*–ইনকিলাব*

# চুয়াডাঙ্গা কলেজে মাস্টার্স কোর্স চালুর দাবীতে বিক্ষোভ

**কামাল উদ্দীন জোয়ার্দার** ॥ চুয়াডাঙ্গা সরকারী কলেজে অনার্স ও মাস্টার্স কোর্স চালুর দাবীতে গত ১২ মে সকালে শহরে বিক্ষোভ মিছিলের আয়োজন করা হয়।

বিক্ষোভ মিছিলে চুয়াডাঙ্গার বিশিষ্ট ব্যক্তি, সাংবাদিক, রাজনৈতিক নেতা ও অভিভাবকসহ ৫ শতাধিক ছাত্র-ছাত্রী বিক্ষোভে অংশগ্রহণ করে। দেশের ৬৪টি জেলার মধ্যে ৬৩টি জেলায় অনার্স ও মাস্টার্স চালু করা হলেও চুয়াডাঙ্গাতে চালু হয়নি। ১৯৬২ সালে স্থাপিত চুয়াডাঙ্গা সরকারী কলেজে ২ হাজার ছাত্র-ছাত্রী লেখাপড়া করে। শিক্ষক সংখ্যা ৪৫ জন। ২০ একর জমির ওপর নির্মিত এই ঐতিহ্যবাহী সরকারী কলেজে ৩টি বহুতল ভবন, ৩০টি শ্রেণী কক্ষ এবং ১৫০ জন ছাত্রের আবাসন ব্যবস্থা।

বিক্ষোভ মিছিল শেষে চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্যের কাছে স্মারকলিপি পেশ করা হয় এবং জেলা বিএনপি কার্যালয়ে সংক্ষিপ্ত সমাবেশে বক্তব্য রাখেন– নূরুল ইসলাম মালিক, শেখ সেলিম, নাজমুল হক স্বপন, শামীম রেজা, শামীম রেজা প্রমুখ।